

বিশেষ বিশেষ খবর –

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় শুনানি পর্বের জন্য আজ থেকেই নোটিশ পাঠানো শুরু হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়ায় নথি হিসেবে, বাতিল হওয়া OBC শংসাপত্রের ব্যবহার বন্ধের আবেদন জানিয়ে মামলা দায়ের হয়েছে কলকাতা হাইকোর্টে।

৩/ আসন্ন মাধ্যমিক পরীক্ষায় শিক্ষকদের অভাব না হয়, তা নিশ্চিত করতে পরিকল্পনা করে SIR-এর শুনানির সূচি তৈরির জন্য জেলাশাসকদের চিঠি দিয়েছে মধ্যশিক্ষা পর্ষদ।

৪/ নিউটাউনের ইকো পার্কের কাছে ঘুনি এলাকায় বিধ্বংসী আগুনে প্রায় ২০০ টি ঝুপড়ি ভস্মীভূত। কাঁকুড়গাছিতে গ্যাস সিলিভারের গোড়াউনেও বিধ্বংসী আগুন।

৫/ লোকসভায় আজ, বিকশিত ভারত G-RAM-G বিল ২০২৫ নিয়ে আলোচনার জবাবী ভাষণ দেবেন কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান।

৬/ রাজ্য সরকার অলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে আজ ‘বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি কনক্লেভ’-এর আয়োজন করছে।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় শুনানি পর্বের জন্য আজ থেকেই নোটিশ পাঠানো শুরু হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নোটিশ পাওয়ার পর সংশ্লিষ্ট ভোটারদের সাত দিন সময় দেওয়া হবে। সেক্ষেত্রে আগামী সপ্তাহ থেকেই শুনানি শুরু হতে পারে। ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটারদের ক্ষেত্রে শুনানি কেন্দ্রে আসতে হবে না। সংশ্লিষ্ট ইআরও নিজে বাড়িতে গিয়ে শুনানি করবেন। সেই সময় উপস্থিত থাকবেন অ্যাসিস্ট্যান্ট ইআরও(এএইআরও) এবং সংশ্লিষ্ট বুথের বিএলও। কোথায় কখন শুনানী হবে তা নোটিশেই বলে দেওয়া হবে। আগামী ১৪ই ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

এদিকে, খসড়া ভোটার তালিকায় সিপিআই(এম) নেতা মহম্মদ সেলিমের ছেলের নাম ভুল উঠেছে বলে যে বিতর্ক-এর সৃষ্টি হয়েছিল কমিশন গতকাল তা খারিজ করে দিয়েছে। তাঁরা জানিয়েছে, বাংলায় অনুবাদ করে তালিকা দেখার ফলেই বিভ্রান্তি তৈরি হয়েছে।

খসড়া তালিকা প্রকাশের পর ভুল ধরা পড়তেই কড়া পদক্ষেপ শুরু করেছে নির্বাচন কমিশন। হুগলির চণ্ডীতলা, মাটিগাড়া-নকশালবাড়ি, কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্র, ডানকুনি সহ একাধিক কেন্দ্রে জীবিত ভোটারকে মৃত বলে দেখানো, যোগ্য ভোটারকে নিখোঁজ হিসেবে দেখানো ইত্যাদি অভিযোগ ওঠায় কয়েকজন বিএলও-কে শোকজ নোটিস পাঠানো হয়েছে। শুধু তাই নয়, ওই কেন্দ্রগুলির ইআরও-দের কাছ থেকেও বিস্তারিত রিপোর্ট চেয়েছে কমিশন। তবে কমিশন স্পষ্ট করে জানিয়েছে, বিএলও-দের ভুলের কারণে যাঁদের নাম বাদ পড়েছে বা সমস্যা তৈরি হয়েছে, তাঁদেরও বিধি মেনে ফর্ম-৬ পূরণ করতেই হবে। শুনানি ও যাচাইয়ের পরেই প্রতিটি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ায় নথি হিসেবে, বাতিল হওয়া OBC শংসাপত্রের ব্যবহার বন্ধের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে।

বিচারপতি কৃষ্ণ রাও-এর বেঞ্চে আগামী সোমবার মামলার শুনানীর সম্ভাবনা।

মামলাকারী আইনজীবী অরিজিৎ বস্কীর বক্তব্য, হাইকোর্টের রায় অনুযায়ী ২০১০-এর পর তৈরি কোনও OBC কাস্ট সার্টিফিকেট কোথাও নথি হিসেবে ব্যবহার করা যাবে না। তাই এসআইআরের ক্ষেত্রেও সেগুলি যাতে মান্যতা না পায় তা নিশ্চিত করতেই আদালতের দ্বারস্থ হয়েছেন তিনি।

\*\*\*\*\*

খসড়া ভোটার তালিকায় ৫৮ লক্ষের বেশি নাম বাদ পড়ায় তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কলকাতায় দলের বুথ লেভেল এজেন্টদের নিয়ে আরও একটি বৈঠকে বসতে চলেছেন।

দলীয় সূত্রে জানা গিয়েছে, আগামী ২২শে ডিসেম্বর নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এই বৈঠক অনুষ্ঠিত হবে। সেখানে কলকাতার পাশাপাশি হাওড়া ও হুগলি জেলার একাংশের BLA-দের ডাকা হয়েছে। নির্বাচন কমিশনের শুনানি শুরুর ঠিক আগে এই বৈঠক রাজনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, খসড়া ভোটার তালিকা প্রকাশের পর, তিনি নিজের বিধানসভা কেন্দ্র ভবানীপুরে স্থানীয় নেতৃত্ব ও বুথ লেভেল এজেন্টের সঙ্গে বৈঠক করেন।

\*\*\*\*\*

আসন্ন মাধ্যমিক পরীক্ষায় যাতে শিক্ষকের অভাব না হয়, তা নিশ্চিত করতে পরিকল্পনা করে SIR-এর শুনানির সূচি তৈরি করতে জেলা শাসকদের অনুরোধ করেছে মধ্যশিক্ষা পর্ষদ। গতকাল পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় চিঠি দিয়ে জানান, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী SIR-এর শুনানি পর্ব চলবে সাত'ই ফেব্রুয়ারি পর্যন্ত। সেই কাজে থাকতে হবে BLO-র দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের।

এদিকে, মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে দোসরা ফেব্রুয়ারী থেকে, চলবে ১২'ই ফেব্রুয়ারী পর্যন্ত। রাজ্য জুড়ে ২'হাজার ৬৮২ টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। এর জন্য নজরদারি চালাতে প্রায় এক লক্ষ শিক্ষকের প্রয়োজন। তাই শিক্ষক সংখ্যার সঙ্গে সামঞ্জস্য রেখেই SIR প্রক্রিয়া চালানোর অনুরোধ জানানো হয়েছে। পরিদর্শক, ভেনু সুপারভাইজার ও ইনচার্জদের পরীক্ষা চলাকালীন ভোটের কাজ থেকে অব্যাহতি দেওয়ার অনুরোধও জানানো হয়েছে ওই চিঠিতে।

\*\*\*\*\*

পাহাড়ে, গোখাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন-GTA-এর নিয়ন্ত্রনাধীন অঞ্চলে শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগে ৩১৩ জনের চাকরি বাতিলের নির্দেশের পর ওই জায়গার সব স্কুলে আজ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ডেকেছে সংযুক্ত মাধ্যমিক শিক্ষক সংগঠন। সংগঠনের দাবী, গত ২৫ বছর ধরে ওই শিক্ষকরা দার্জিলিং পাহাড়ে সরকারি শিক্ষা ব্যবস্থা পরিচালনা করছেন। প্রশাসনিক ব্যবস্থার ত্রুটির জন্য শিক্ষকরা শাস্তি পাবেন, তা' হতে দেওয়া যায়না।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট-এর বিচারপতি বিশ্বজিৎ বসুর বেঞ্চ গতকাল অনিয়মের অভিযোগে ৩১৩ জন শিক্ষকের চাকরী বাতিলের নির্দেশ দেন। বেঞ্চ তার পর্যবেক্ষণে জানায়, নিয়মিতকরণ বলা হলেও, প্রকৃতপক্ষে এটি ছিল নতুন নিয়োগ, যা স্পষ্টতই আইন লঙ্ঘনের সামিল। চাকরী বাতিলের পাশপাশি CID তদন্ত চালিয়ে নিয়ে যাওয়ারও নির্দেশ দিয়েছে আদালত।

\*\*\*\*\*

নিউটাউনের ইকো পার্কের কাছে ঘুনি এলাকায় বিধ্বংসী আগুনে প্রায় ২০০ টি বুপড়ি ভস্মীভূত। গত সন্ধ্যায় হঠাৎই সেখানে আগুন লাগে। খুব দ্রুত তা' ছড়িয়ে পড়ে। রান্নার গ্যাসের সিলিন্ডার বিস্ফোরণের শব্দও পাওয়া যায়। দমকলের ২০টি ইঞ্জিন কয়েক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ঘিঞ্জি এলাকা হওয়ায় আগুন নেভাতে বেগ পেতে হয় দমকল কর্মীদের। হতাহতের খবর নেই। স্থানীয়দের পার্শ্ববর্তী বিদ্যালয়ের ত্রাণ শিবিরে রাখা হয়েছে। রাতেই ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখেন দমকল মন্ত্রী সুজিত বসু।

এদিকে, কাঁকুড়াগাছিতে গতকাল মধ্যরাতে একটি অক্সিজেন সিলিন্ডারের গোড়াউনে আগুন লাগে। দমকলের ১৫ টি গাড়ি ঘটনাস্থলে পৌঁছে, সকাল ৭টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনে।

\*\*\*\*\*

লোকসভায় আজ, 'বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ' বা বিকশিত ভারত G-RAM-G বিল ২০২৫ নিয়ে আলোচনার জবাবী ভাষণ দেবেন কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান।

গতকাল গভীর রাত পর্যন্ত লোকসভায় এই বিল নিয়ে আলোচনা চলে।

২০ বছরের পুরোনো ২০০৫ সালের 'মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন'-MGNREGA-র পরিবর্তে এই বিল আনা হয়েছে। প্রতি আর্থিক বছরে প্রতিটি গ্রামীণ পরিবারকে ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিনের মজুরিভিত্তিক কর্মসংস্থানের আইনি নিশ্চয়তার সংস্থান রয়েছে এই বিল। এক্ষেত্রে বায়োমেট্রিকের ব্যবহার, পরিকল্পনা ও নজরদারির জন্য বিশেষ প্রযুক্তি, রিয়েল টাইম ট্র্যাকিং-এর জন্য মোবাইল অ্যাপ্লিকেশন ভিত্তিক ড্যাশ বোর্ড এবং সাপ্তাহিক ভিত্তিতে জনগণের কাছে তথ্য প্রকাশ পদ্ধতির কথা, এই বিলে রয়েছে।

বিলটি লোকসভায় উত্থাপন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন, এই আইন গ্রামগুলির উন্নয়ন নিশ্চিত করবে এবং দেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করার পথে এগিয়ে নিয়ে যাবে।

\*\*\*\*\*

রাজ্যে শিল্প ও বিনিয়োগের সম্ভাবনাকে আরো বিস্তৃত করতে রাজ্য সরকার আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে আজ এক শিল্প সম্মেলনের আয়োজন করেছে। প্রস্তাবিত বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি কনক্লেভের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এখানে উপস্থিত থাকার জন্যে রাজ্যের প্রথম সারির সব শিল্পপতিকে আমন্ত্রণ জানানো হয়েছে। এই কনক্লেভে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হবে মগি-রত্ন, খাদ্য প্রক্রিয়াকরণ, তথ্যপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, সেমিকন্ডাকটর, পর্যটন, বস্ত্রশিল্প এবং ইম্পাতশিল্প- এই আটটি ক্ষেত্রের ওপর।

এদিকে, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের সমস্যা নিরসনে রাজ্য সরকার, 'ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স ওয়েলফেয়ার ডেভলপমেন্ট বোর্ড' তৈরি করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। কলকাতায় গতকাল নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত ব্যবসায়ী সম্মেলনে অংশ নিয়ে তিনি, বোর্ডের সদস্য নির্বাচনের জন্য প্রতিটি জেলার বণিক সংগঠনগুলিকে সাত দিনের মধ্যে জেলার ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের নামের তালিকা মুখ্যসচিব মনোজ পন্থ-এর কাছে জমা দেওয়ার নির্দেশ দেন। এর পাশাপাশি কলকাতায় 'বিজনেস টু বিজনেস হাব' এবং শিলিগুড়িতে ট্রেড অ্যান্ড এক্সপোর্ট ফেসিলিটি সেন্টার তৈরি করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

অন্যদিকে, রাজ্যের শিল্প পরিস্থিতির বেহাল অবস্থা নিয়ে সরব হয়েছেন, রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কলকাতায় গতকাল এক যৌথ সাংবাদিক বৈঠকে ‘ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল গ্রেভইয়ার্ড’ নামে একটি পুস্তিকা প্রকাশ করেন তাঁরা। শমীকবাবু বলেন, শিল্প সম্মেলনে এসে যারা দাবী করেন, এরা জ্যে শিল্প বান্ধব পরিবেশ আছে, তারাই পশ্চিমবঙ্গ ছেড়ে অন্যত্র বিনিয়োগ করেন।

শ্রী অধিকারী অভিযোগ করেন, বাণিজ্য সম্মেলনে এপর্যন্ত ৮শোটি মৌ স্বাক্ষরিত হয়েছে এবং কুড়ি লক্ষ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এলেও তা কার্যকর হয়নি। শুধুমাত্র MSME সেক্টরে বিনিয়োগ হয়েছে, বড় শিল্পে কোন বিনিয়োগ হয়নি।

\*\*\*\*\*

পার্কস্ট্রিটের ক্রিসমাস কার্নিভাল শুরু হচ্ছে আজ। চলবে ৩০শে ডিসেম্বর পর্যন্ত। মুখ্যমন্ত্রী এই কার্নিভালের উদ্বোধন করবেন। এবার এই কার্নিভাল ১৫-তম বর্ষে পড়ল। প্রতি বারের মত এবারও নিরাপত্তার কারণে ২৪ ও ২৫ তারিখ আল্যান পার্ক বন্ধ থাকবে। রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তর জানিয়েছে, বিভিন্ন জেলাতেও ক্রিসমাস উপলক্ষে এই ধরনের আলোকসজ্জা হবে।

\*\*\*\*\*

যুবভারতী ক্রীড়াঙ্গণে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনায় ‘শোকজ’-এর জবাব দিয়েছেন, রাজ্য পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার এবং ক্রীড়া দফতরের প্রধান সচিব রাজেশ কুমার সিনহা। বিধাননগরের পুলিশ কমিশনার মুকেশ কুমারও নির্ধারিত সময়ের মধ্যে নিজের জবাব পাঠিয়েছেন বলে প্রশাসনিক সূত্রে খবর। উল্লেখ্য, মুখ্যমন্ত্রীর নির্দেশে গঠিত অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায়ের নেতৃত্বাধীন তদন্ত কমিটি গত মঙ্গলবার এই তিন শীর্ষ কর্তাকে শোকজ করেছিল। ২৪ ঘণ্টার মধ্যে জবাব দিতে বলা হয়েছিল। সূত্রের খবর, সময়সীমার মধ্যেই তদন্ত কমিটির কাছে লিখিত ব্যাখ্যা জমা দিয়েছেন তিনজনই।

\*\*\*\*\*

অন্যদিকে, মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশৃঙ্খলার ঘটনার পর ক্রীড়ামন্ত্রী অরুণ বিশ্বাসের পদত্যাগ, আসল ঘটনাকে ধামাচাপ দেবার চেষ্টা বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই অভিযোগ করেন। তাঁদের আরো অভিযোগ, এই ঘটনায় শাসক দলের নেতারা জড়িত।

এদিকে, যুবভারতীতে বিশৃঙ্খলার ঘটনায় আদালতে দায়ের হওয়া সমস্ত জনস্বার্থ মামলার আজ হাইকোর্টে শুনানি হবে।

\*\*\*\*\*

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে আজ শুনবেন ‘ভারত-রাশিয়া সম্পর্ক’ নিয়ে বিশেষ আলোচনার দ্বিতীয় পর্ব। ডক্টর অনীক চ্যাটার্জির সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি আজ রাত ৮ টায় গীতাঞ্জলি ও DTH বাংলা পরিষেবায় শোনা যাবে।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান ‘আজকের প্রসঙ্গ’ এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে ন’টায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

\*\*\*\*\*

ডিসেম্বরের মাঝামাঝি সময়েও কলকাতা শহরে দুপুরের দিকে শীত প্রায় অনুভূত হচ্ছে না। তাপমাত্রার পারদ ওঠানামা করে চলেছে। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক দশমিক ছয় ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে একটু কম। আগামী কয়েকদিনে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না, তবে সকালের দিকে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*